কক্সবাজারে রিসোর্টে আগুনে প্রাণ গেল ছাত্রদল নেতার স্ত্রীর



ছবি: সংগৃহীত

কক্সবাজারের ইনানীতে রিসোর্টে অগ্নিকাণ্ডে নিহত ছয়জনের মধ্যে রয়েছেন ঢাকা জেলা ছাত্রদলের সহসভাপতি দেওয়ান ফয়সালের স্ত্রী নাসরিন আক্তার মুক্তা (২৯)। শনিবার (১৭ অক্টোবর) সকাল ৭টার দিকে মেরিন ড্রাইভের পাটোয়ারটেক সমুদ্রসৈকত এলাকার টুপটুপ রেস্টো অ্যান্ড রিসোর্টে এ আগুন লাগে।

নাসরিন আক্তার আশুলিয়ার স্বপ্নবিলাস নিরিবিলি বিদ্যালয়ের শিক্ষিকা ছিলেন। তাঁর বাবার নাম মোস্তফা কামাল।

দেওয়ান ফয়সাল জানান, তাঁর স্ত্রী ও বান্ধবীরা ছোটবেলার বন্ধু। তাঁরা একসঙ্গে পড়াশোনা করেছেন। গত বৃহস্পতিবার বেড়াতে গিয়ে রোববার তাঁদের ফেরার কথা ছিল। কিন্তু তার আগেই স্ত্রীকে হারাতে হলো তাঁকে। মরদেহ আনতে তিনি কক্সবাজারের উদ্দেশে রওনা হয়েছেন।

ঢাকা জেলা ছাত্রদলের সহসভাপতি বাদল হোসেন জানান, ওই রিসোর্টে ফয়সালের স্ত্রীসহ তিন বান্ধবী অবস্থান করছিলেন। আগুন লাগার কিছুক্ষণ আগে নাসরিনের দুই বান্ধবী কক্ষ থেকে বেরিয়ে আসেন। তবে নাসরিন তখন কক্ষের ভেতরে আটকা পড়েন। পরে অগ্নিকাণ্ডে তাঁর মৃত্যু হয়।

উখিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আতিকুর রহমান মজুমদার জানান, অগ্নিকাণ্ডের পর ঘটনাস্থলে উদ্ধারকাজ চালানো হয়েছে। আগুনের সূত্রপাত কীভাবে হয়েছে, তা তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি। মরদেহের পরিচয় নিশ্চিত করতেও কিছুটা সময় লাগতে পারে।